

Awareness programme on Covid-19: 2020 -21

কোভিড-১৯ কি শিশুদের প্রভাবিত করে ?

এটি একটি নতুন ধরনের ভাইরাস এবং ভাইরাসটি শিশু বা গর্ভবতী মায়ের কী ভাবে প্রভাবিত করে সে সম্পর্কে আমরা খুব বেশি কিছু জানিনা। আমরা শুধু এটুকু জানিয়ে, যে কোন বয়সের মানুষ এই ভাইরাসে আক্রান্ত হতে পারে। তবে এখন ও পর্যন্ত শিশুদের মধ্যকোভিড-১৯ সংক্রমণের ঘটনা তুলনামূলক ভাবে খুব কম ঘটেছে। এখন পর্যন্ত বয়স্ক ব্যক্তি এবং আগে থেকে অসুস্থ ব্যক্তি ছাড়া খুব কম ক্ষেত্রেই এই ভাইরাস মারাত্মক আকার ধারণ করেছে।

যদি আমার সন্তানের কোভিড-১৯ এর লক্ষণ দেখা দেয় সেক্ষেত্রে কি করা উচিত ?

যদি আপনার শিশুর কোভিড-১৯ এর লক্ষণ দেখা দেয় তখন আপনি অবশ্যই চিকিৎসা সেবা নিবেন। তবে মনে রাখতে হবে যে, উত্তর গোলার্ধে এখন জ্বরের মৌসুম, এবং কোভিড-১৯ এর লক্ষণ যেমন, কাশি বা জ্বর, ফ্লু'র মত একই রকমের হতে পারে বা সাধারণ ঠান্ডা-জ্বরের বিষয়টি ও খুবই স্বাভাবিক। ভাল ভাবে হাত ধোয়া এবং শ্বাসতন্ত্র জনিত স্বাস্থ্যবিধি মেনে চলা দরকার। যে সব ভাইরাস ও ব্যাকটেরিয়া রোগ সৃষ্টি করে, দৈনন্দিন হাত ধোয়া এবং প্রয়োজন অনুযায়ী সন্তান কে ভ্যাকসিন দেওয়ার মাধ্যমে সেগুলো থেকে তাদের কে রক্ষা করতে পারবেন। আপনার বা আপনার সন্তানের যদি ফ্লু'র মতো শ্বাস-প্রশ্বাস জনিত অন্যান্য সংক্রমণ থাকে, তবে দ্রুত স্বাস্থ্যসেবানিন। এছাড়াও, অন্যদের মধ্যে এই সংক্রমণ ছড়িয়ে পড়া রোধ করার জন্য জন সমাগম স্থলে (কমক্ষেত্র, বিদ্যালয়, গণপরিবহন) যাওয়া যথাসম্ভব এড়িয়ে চলুন।

পরিবারের কোন ও সদস্যের এই লক্ষণ দেখা দিলে কী করা উচিত ?

আপনার বা আপনার সন্তানের যদি জ্বর, কাশি বা শ্বাসকষ্ট থাকে তবে অবশ্যই চিকিৎসাসেবা নিতে হবে। কোভিড-১৯ সংক্রমিত হয়েছে এমন কোন ও এলাকা যদি আপনি ভ্রমণ করে থাকেন, বা কোভিড-১৯ সংক্রমিত হয়েছে এমন কোন ও এলাকা ভ্রমণ করেছে ও শ্বাসতন্ত্রের জটিল তারলক্ষণ রয়েছে এমন কার ও সাথে যদি আপনার ঘনিষ্ঠ যোগাযোগ হয়, তবে আগে থেকেই স্বাস্থ্য সেবাদানকারীর সাথে কথা বলুন।